

বিসিক চামড়া শিল্পনগরী, হরিণধারা, হেমায়েতপুর, সাভার, ঢাকার ৯ টি ট্যানারীকে পরিবেশ আইন লংঘনের দায়ে ২৩ লক্ষ টাকা ক্ষতিপূরণ ধার্য করেছে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং।

পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকার মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং এর পরিচালক জনাব রুবিনা ফেরদৌসী এর নেতৃত্বে আজ ০৭/১০/২০২০ তারিখ ঢাকা জেলার সাভার উপজেলাধীন হরিণধারায় বিসিক চামড়া শিল্পনগরীতে অবস্থিত পরিবেশ আইন লংঘনকারী কারখানার বিরুদ্ধে অভিযান পরিচালনা করে ৯(নয়)টি ট্যানারীকে ২৩(তেইশ) লক্ষ টাকা ক্ষতিপূরণ ধার্য করেন।

পরিবেশগত ছাড়পত্র গ্রহণ ব্যতিত কারখানা স্থাপন ও পরিচালনা করে পরিবেশ ও প্রতিবেশের ক্ষতিসাধনের অপরাধে বিসিক চামড়া শিল্পনগরী, হরিণধারা, হেমায়েতপুর, সাভার, ঢাকায় অবস্থিত (১) মেসার্স গুলশান ট্যানারীজ লিঃ-কে ৫ লক্ষ টাকা; (২) সুপিরিয়র লেদার ইন্ডাস্ট্রিজ লিঃ-কে ৫ লক্ষ টাকা; (৩) মেসার্স কহিনুর ট্যানারীজ লিঃ-কে ২ লক্ষ টাকা; (৪) ইউনিকম লেদার (মেসার্স ইন্টারন্যাশনাল ট্যানারী)-কে ২ লক্ষ টাকা; (৫) ভেলেক্স এ্যাজেন্সিস লিঃ-কে ২ লক্ষ টাকা; (৬) কিউ লেদার ইন্ডাস্ট্রিজ লিঃ-কে ২ লক্ষ টাকা; (৭) টিপাড়া ট্যানারী লিঃ-কে ২ লক্ষ টাকা; (৮) মেসার্স নবারন ট্যানারী লিঃ-কে ২ লক্ষ টাকা এবং পরিবেশগত ছাড়পত্র নবায়ন গ্রহণ ব্যতিত কারখানা পরিচালনার অপরাধে (৯) মেসার্স আঞ্জুমান ট্রেডিং কর্পোরেশন লিঃ-কে ১ লক্ষ টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়।

অভিযান পরিচালনাকালে পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকার মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং এর পরিচালক জনাব রুবিনা ফেরদৌসী জানান, পরিবেশ অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের নির্দেশনায় দূষণকারী শিল্পপ্রতিষ্ঠানের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তরের অভিযান অব্যাহত থাকবে। এ অভিযানে তাঁকে সার্বিক সহযোগিতা করেন পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা-র মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং এর ৩ (তিন) জন এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, উপপরিচালক, পরিদর্শক, পিএ এবং পরিবেশ অধিদপ্তর, ঢাকা জেলা কার্যালয়ের উপপরিচালক, সহকারী পরিচালক। এছাড়া সাভার থানা পুলিশ ফোর্স আইন শৃঙ্খলা রক্ষায় সহযোগিতা করে।

তারিখ : ঢাকা
০৭.১০.২০২০

স্বাক্ষরিত/-

(সৈয়দ আহম্মদ কবীর)

উপপরিচালক

মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং
পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা।